গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.pris on.gov.bd

পত্র সংখ্যা- ৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৭.২৪- ৩৬০

তারিখঃ ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪

বিষয় ঃ **পবিত্র ঈদুল ফিতর ২০২৪ এর প্রণোদনা (ভর্তুকি) কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক প্রদেয় অর্থ (প্যাকেজ প্রতি ১০০/- টাকা) প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ক। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৭.২০২৪-৩০৮ তারিখঃ ১৭-৩-২০২৪
খ। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৭.২২-৩২৯ তারিখঃ ২৫-৩-২০২৪

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সূত্রস্থ 'ক' পত্রের মাধ্যমে চাহিত তথ্যাদি প্রাপ্তির ভিত্তিতে সূত্রস্থ 'খ' পত্রের মাধ্যমে কারা বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রণোদনা হিসেবে নির্ধারিত দ্রব্য সামগ্রী ০৪-৪-২০২৪ তারিখের মধ্যে **প্রাণ বঙ্গ মিলারস লিমিটেড** কর্তৃক সকল কারাগারে সরবরাহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। **প্রাণ বঙ্গ মিলারস লিমিটেড** কর্তৃক সরবরাহকৃত দ্রব্য সামগ্রীর মূল্য প্যাকেজ প্রতি **১,৫৯৫/- (এক হাজার পাঁচশত পঁচানব্বই টাকা)** টাকা পরিশোধ করতে হবে। এর মধ্যে ১৪৯৫/-(**এক হাজার চারশত বার মাত্র**) টাকা কারাগারের কমন ফান্ড থেকে এবং **১০০/-(একশত)টাকা** কারা কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে আদায় করতে হবে।

**এমতাবস্থায়** আপনার অধীনস্থ দপ্তর ও কারাগার থেকে আপাততঃ প্রতি প্যাকেজ বাবদ কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক প্রদেয় ১০০/- (একশত) টাকা সংগ্রহ করতঃ **"কারা অধিদপ্তর ফান্ড" সঞ্চয়ী হিসাব নং-৩৪০১১৭৯৪, সোনালী ব্যাংক লিমিটেড, উর্দ্দু রোড শাখা, ঢাকা** বরাবরে অনলাইনে জমা করে জমার স্লিপ কারাগারের পত্রসহ ই-মেইল যোগে (prison_dte@yahoo.com অথবা prison.admnbranch021@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অবশিষ্ট অর্থ কারা অধিদপ্তর থেকে পরবর্তী নির্দেশনা মোতাবেক অধীনস্থ দপ্তর ও কারাগার থেকে সংগ্রহ করতঃ প্রেরণের নির্দেশ দেয়া হবে।

০১/৪/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল বিভাগীয় দপ্তর। } ই-মেইলের মাধ্যমে

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার } **প্রাণ বঙ্গ মিলারস লিমিটেড** থেকে মালামালগুলো প্রাপ্তির পর উহার মূল্য যথাসময়ে আপনার বিভাগের কারা উপ-মহাপরিদর্শকের বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রশাসনিক কর্মকর্তা-১, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই সি টি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উক্ত স্মারকটি কারা বিভাগের নিজস্ব ওযেব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৫। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্যে।